গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য সচিব, মুক্তিযুদ্ধ যাদুঘর

এবং

সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........................................ ৩

প্রস্তাবনা ........................................ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........................................ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........................................ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........................................ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........................................ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........................................ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........................................ ১৬

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ-
মুক্তিযুদ্ধের লালিত স্বপ্নকে ধারণ করে মুক্তিযুদ্ধের চেতনা ও অর্জনগুলো বর্তমান এবং আগামী প্রজন্মের মাঝে পৌঁছে দেওয়ার জন্য মুক্তিযুদ্ধ জাদুঘর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। জাদুঘর পরিচালিত আউটরিচ কর্মসূচির আওতায় গত ৩ বছরে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ এলাকার ১৮৮টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৪১,৩৫৬ জন শিক্ষার্থী এবং ১,৩০,৮৪৫ জন দেশি-বিদেশি দর্শনার্থী জাদুঘর পরিদর্শন করেছে। করোনা পরিস্থিতির জন্য বিঘ্নিত হলেও ভ্রাম্যমাণ মুক্তিযুদ্ধ জাদুঘর নিয়ে শিক্ষাপ্রতিষ্ঠানে প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। এতে ৩২৬টি শিক্ষাপ্রতিষ্ঠানের ২,৫০,৩৯০ জন শিক্ষার্থী প্রদর্শনীতে অংশগ্রহণ করে মুক্তিযুদ্ধের ইতিহাস, মানবাধিকার, শান্তি ও সম্প্রীতির ভাবধারায় উদ্বুদ্ধকরণ বিষয়ে সম্যক ধারণা লাভ করেছে। প্রতিবছর ঢাকা মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে জাদুঘর পরিদর্শণকারী শিক্ষার্থীদের নিয়ে 'মুক্তির উৎসব' নামে একটি উৎসব আয়োজন করা হয়। উল্লিখিত সময়ে তিনটি 'মুক্তির উৎসব' আয়োজন সম্ভব হয়েছে। জাদুঘর গত তিন বছরে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন করেছে। এ সময় তিনটি মুক্তি ও মানবাধিকার বিষয়ক আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের আয়োজন করা হয়েছে। এছাড়া গত তিন বছরে তিনটি উইন্টার স্কুল এবং তিনটি সার্টিফিকেট কোর্স-এরও আয়োজন করা হয়েছে। গত তিন বছরে বঙ্গবন্ধুর উপরে ৪টি, হিরোশিমা দিবস উপলক্ষে ৩টি প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। জাদুঘর ১২টি বিভাগীয় শিক্ষক সম্মেলনেরও আয়োজন করেছে গত ৩ বছরে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

মাঠ পর্যায়ে প্রদর্শনীর অনেক চাহিদা সত্ত্বেও ২টি ভ্রাম্যমাণ জাদুঘর দিয়ে সব শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মসূচি পালন করা প্রধান চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

ভ্রাম্যমাণ জাদুঘরের কার্যক্রম পরিচালনা, ডকুমেন্টসমূহের ডিজিটালাইজেশন করা, আইটি উন্নয়ন করা, সেন্টার ফর দ্য স্টাডি অব জেনোসাইড অ্যান্ড জাস্টিস-এর মাধ্যমে গণহত্যা ও ন্যায় বিচার বিষয়ক কর্মকাণ্ড পরিচালনা, মুক্তিযুদ্ধ বিষয়ক প্রদর্শনী, মুক্তির উৎসব আয়োজন, ডকুফিল্ম নির্মাণ ও ডকফেস্টের আয়োজন, নেটওয়ার্ক শিক্ষক সম্মেলন এবং জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার/ওয়ার্কশপের আয়োজন করা।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৬০,০০০ জন দর্শনার্থীকে মুক্তিযুদ্ধের স্মৃতি/স্মারক চিহ্ন জাদুঘরে প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ
- ৩২,০০০ জন দর্শনার্থী জল্লাদখানা বধ্যভূমি স্মৃতিপীঠ প্রদর্শনকরণ
- ১,০১,০০০ জন নতুন প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের ইতিহাস তুলে ধরার জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক ডকুমেন্টরি ফিল্ম ও ভ্রাম্যমাণ জাদুঘর প্রদর্শনীর আয়োজন
- ১৫,০০০ জাদুঘর দর্শনার্থী শিক্ষার্থীদের (আউটরিচ) মুক্তিযুদ্ধের স্মৃতি/স্মারক চিহ্ন জাদুঘরে প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ
- নেটওয়ার্ক শিক্ষক প্রতিনিধিদের অংশগ্রহণে ৪টি শিক্ষক সম্মেলন আয়োজন
- ৫টি জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সেমিনার/কনফারেন্স/ ওয়ার্কশপ/ প্রদর্শনীর আয়োজন
- ৫টি জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে অনলাইন ভিত্তিক সেমিনার/কনফারেন্স/ ওয়ার্কশপ/ প্রদর্শনীর আয়োজন
- ২টি মুক্তিযুদ্ধ বিষয়ক প্রামাণ্যচিত্র নির্মাণ
- একটি মুক্তির উৎসব আয়োজন
- একটি উইন্টার স্কুল আয়োজন করা
- একটি ডকফেস্ট আয়োজন করা

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সদস্য সচিব, মুক্তিযুদ্ধ যাদুঘর

এবং

সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৪ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প** (Vision)

মুক্তিযুদ্ধের চেতনায় নতুন প্রজন্মকে উদ্বুদ্ধকরণ।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

এই জাদুঘর বিশ্বের মুক্তিকামী জনগণ এবং ধর্ম, জাতিসত্তা ও সার্বভৌমত্বের নামে নৃশংসতার শিকার সকল মানুষের উদ্দেশে উৎসর্গীকৃত। মুক্তিযুদ্ধ জাদুঘর বাংলাদেশের মুক্তিযুদ্ধ এবং এর আদর্শিক ভিত্তিসমূহ অর্জনের জন্য দেশবাসীর ত্যাগ ও বীরত্বের ঘটনাবলি হৃদয়ঙ্গম করতে উৎসাহিত করে। মুক্তিযুদ্ধ জাদুঘর এই ইতিহাসের আলোকে চলমান সামাজিক সমস্যা ও মানবাধিকারের বিষয়-বিবেচনায় সচেষ্ট রয়েছে।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. মহান মুক্তিযুদ্ধের ইতিহাস ও স্মৃতি সংরক্ষণ
২. বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের মধ্যে মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনায় জাগরণ এবং দেশাত্ববোধ শক্তিশালীকরণ।
৩. জাতীয় ও আন্তর্জাতিকভাবে বাংলাদেশের অভ্যুদয় ও গণহত্যার ইতিহাস মেলে ধরা।
৪. কর্মকর্তা কর্মচারীদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি** (Functions)

১. মুক্তিযুদ্ধের স্মৃতি/স্মারক চিহ্ন সংগ্রহ ও সংরক্ষণ
২. মুক্তিযুদ্ধের স্মারক প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ।
৩. ভ্রাম্যমাণ জাদুঘর প্রদর্শনীর আয়োজন।
৪. নতুন প্রজন্মের জন্য মুক্তির উৎসব আয়োজন।
৫. জেলা ও বিভাগীয় শিক্ষক সম্মেলন আয়োজন।
৬. জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার/ওয়ার্কশপ আয়োজন।
৭. মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র নির্মাণ।
৮. ডকুফিল্ম নির্মাণ বিষয়ক কর্মশালার আয়োজন।
৯. মুক্তি ও মানবাধিকার বিষয়ক চলচ্চিত্র উৎসব আয়োজন করা।
১০. গণহত্যা ও ন্যায়বিচার বিষয়ক কর্মশালার আয়োজন করা।
১১. মুক্তিযুদ্ধ বিষয়ক প্রদর্শনী করা।
১২. মোবাইলে মুক্তিযুদ্ধ বিষয়ক ১ মিনিটের প্রামাণ্যচিত্র নির্মাণ কর্মশালার আয়োজন করা।
১৩. নতুন প্রজন্মের গবেষকদের ফেলোশিপ প্রদান করা।
১৪. উইন্টার স্কুল আয়োজন করা।
১৫. ডকফেস্ট আয়োজন করা।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| মুক্তিযুদ্ধের ইতিহাস ও চেতনায় নতুন প্রজন্ম উদ্বুদ্ধ | উদ্বুদ্ধকৃত নতুন প্রজন্ম | সংখ্যা | ২২৬০৯০ | ২৩০০০০ | ২৩১০০০ | ২৩২০০০ | ২৪০০০০ | শিক্ষা অধিদপ্তর জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান | কর্মসূচি বাস্তবায়ন প্রতিবেদন |
| বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের মধ্যে মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনায় জাগরণ এবং দেশাত্ববোধ শক্তিশালী করণ। | নতুন প্রজন্মের শিক্ষার্থী | সংখ্যা | ১০৫০০০ | ১১০০০০ | ১১৫০০০ | ১২০০০০ | ১২৫০০০ | শিক্ষা অধিদপ্তর জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান | কর্মসূচি বাস্তবায়ন প্রতিবেদন |
| জাতীয় ও আন্তর্জাতিকভাবে বাংলাদেশের অভ্যুদয় ও গণহত্যার ইতিহাস মেলে ধরা | দেশ-বিদেশের অংশগ্রহণকারীরা | সংখ্যা | ৫১০০ | ৫২০০ | ৫৩০০ | ৫৪০০ | ৫৭০০ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট সংগঠন ও সংস্থা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান | কর্মসূচি বাস্তবায়ন প্রতিবেদন |
| কর্মকর্তা কর্মচারীদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি | অংশগ্রহণকারী কর্মকর্তা কর্মচারী | সংখ্যা | ৩৫ | ৪০ | ৪৫ | ৫০ | ৫৫ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় মুক্তিযুদ্ধ জাদুঘর | কর্মসূচি বাস্তবায়ন প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] মহান মুক্তিযুদ্ধের ইতিহাস ও স্মৃতি সংরক্ষণ | ২৪ | [১.১] মুক্তিযুদ্ধের স্মৃতি/স্মারক চিহ্ন জাদুঘরে প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ | [১.১.১] জাদুঘর দর্শনার্থী | সমষ্টি | সংখ্যা | ৪ | ৪০০০০ | ৫০০০০ | ৬০০০০ | ৫৪০০০ | ৪৮০০০ | ৪২০০০ | ৩৬০০০ | ৬১০০০ | ৬২০০০ |
| | | | [১.১.২] ভার্চুয়াল গ্যালারি দর্শনার্থী | সমষ্টি | সংখ্যা | ৪ | ৪০০০ | ৪৫০০০ | ৫০০০০ | ৪৫০০০ | ৪০০০০ | ৩৫০০০ | ৩০০০০ | ৫১০০০ | ৫২০০০ |
| | | | [১.১.৩] নির্মিত ডকুমেন্টারি ফিল্ম | সমষ্টি | সংখ্যা | ৪ | ২ | ২ | ২ | ০ | ০ | ০ | ০ | ২ | ২ |
| | | | [১.১.৪] আয়োজিত ডকফেস্ট | সমষ্টি | সংখ্যা | ৪ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ | ১ | ১ |
| | | | [১.১.৫] আয়োজিত কুইজ প্রতিযোগিতা | সমষ্টি | সংখ্যা | ৪ | ০ | ০ | ৪৮ | ৪৪ | ৪০ | ৩৬ | ৩২ | ৫০ | ৫৫ |
| | | [১.২] মুক্তিযুদ্ধের স্মৃতিচিহ্ন প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ | [১.২.১] জল্লাদখানা বধ্যভূমি স্মৃতিপীঠ পরিদর্শিত ব্যক্তি | সমষ্টি | সংখ্যা | ৪ | ৩০০০০ | ৩০০০০ | ৩২০০০ | ২৮৮০০ | ২৫৬০০ | ২২৪০০ | ১৯২০০ | ৩৩০০০ | ৩৪০০০ |
| [২] বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের মধ্যে মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনায় জাগরণ এবং দেশাত্ববোধ শক্তিশালীকরণ। | ২৪ | [২.১] নতুন প্রজন্মের শিক্ষার্থী ও অন্যান্য দর্শকের কাছে মুক্তিযুদ্ধের ইতিহাস তুলে ধরার জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রদর্শনী। | [২.১.১] প্রামাণ্যচিত্র প্রদর্শনী শিক্ষার্থী | সমষ্টি | সংখ্যা | ৪ | ১০০০০০ | ১০০৫০০ | ১০১০০০ | ৯০৯০০ | ৮০৮০০ | ৭০৭০০ | ৬০৬০০ | ১০২০০০ | ১০৩০০০ |
| | | | [২.১.২] ভ্রাম্যমাণ জাদুঘর প্রদর্শনী শিক্ষার্থী | সমষ্টি | সংখ্যা | ৪ | ১০০০০০ | ১০০৫০০ | ১০১০০০ | ৯০৯০০ | ৮০৮০০ | ৭০৭০০ | ৬০৬০০ | ১০২০০০ | ১০৩০০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | | [২.১.৩] জাদুঘর দর্শনার্থী নতুন প্রজন্মের শিক্ষার্থী (আউটরিচ) | সমষ্টি | সংখ্যা | ৪ | ১৮০০০ | ১০০০০ | ১৫০০০ | ১৩৫০০ | ১২০০০ | ১০৫০০ | ৯০০০ | ২০০০০ | ২০৫০০ |
| | | | [২.১.৪] মুক্তির উৎসব | তারিখ | তারিখ | ৪ | ০৩.০৩.২৩ | ০২.০২.২৪ | ১৫.০৩.২৫ | ২২.০৩.২৫ | ২৯.০৩.২৫ | ০৫.০৪.২৫ | ১২.০৪.২৫ | ১৫.০৪.২৬ | ১৫.০৪.২৭ |
| | | [২.২] জেলা ও বিভাগীয় নেটওয়ার্ক শিক্ষক সম্মিলন আয়োজন | [২.২.১] শিক্ষক সম্মিলন আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | ০ | ৫ | ৬ |
| | | [২.৩] মুক্তিযুদ্ধ জাদুঘর বার্তা প্রকাশ | [২.৩.১] জাদুঘর বার্তা প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] জাতীয় ও আন্তর্জাতিকভাবে বাংলাদেশের অভ্যুদয় ও গণহত্যার ইতিহাস মেলে ধরা। | ১৬ | [৩.১] জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার/ ওয়ার্কসপ/ প্রদর্শনীর আয়োজন | [৩.১.১] সেমিনার/ ওয়ার্কসপ/ আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ৬ | ৫ | ৫ | ৪ | ৩ | ০ | ০ | ৫ | ৬ |
| | | [৩.২] জাতীয় ও আন্তর্জাতিক অনলাইনভিত্তিক সেমিনার/ ওয়ার্কসপ/ প্রদর্শনীর আয়োজন | [৩.২.১] সেমিনার/ ওয়ার্কসপ/ আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ৭ | ৫ | ৫ | ৪ | ৩ | ০ | ০ | ৫ | ৬ |
| | | [৩.৩] মোবাইলে সহজে মুক্তিযুদ্ধের চলচ্চিত্র নির্মাণ কর্মশালা | [৩.৩.১] কর্মশালা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ০ | ২ | ২ | ১ | ০ | ০ | ০ | ২ | ২ |
| | | [৩.৪] তরুন চলচ্চিত্রপ্রতিভা অন্বেষণ কর্মশালা | [৩.৪.১] আয়োজিত কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৪ | ০ | ০ | ১ | ১ | ০ | ০ | ০ | ১ | ১ |
| [৪] কর্মকর্তা কর্মচারীদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি | ৬ | [৪.১] কর্মকর্তাদের প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন | [৪.১.১] প্রশিক্ষণ/কর্মশালা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৩ | ২ | ৩ | ৩ | ২ | ০ | ০ | ০ | ৩ | ৪ |
| | | [৪.২] কর্মচারীদের প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন | [৪.২.১] প্রশিক্ষণ/কর্মশালা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৩ | ২ | ৩ | ৩ | ২ | ০ | ০ | ০ | ৩ | ৪ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সদস্য সচিব, মুক্তিযুদ্ধ যাদুঘর, সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হিসাবে সদস্য সচিব, মুক্তিযুদ্ধ যাদুঘর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সদস্য সচিব<br>মুক্তিযুদ্ধ যাদুঘর | ৩০/৬/২০২৪<br>তারিখ |
| সচিব<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | ৩০ জুন ২০২৪<br>তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | উজেপ্র | উপজেলা প্রশাসন |
| ২ | এমটিবিএফ | মধ্য মেয়াদি বাজেট কাঠামো (মিডেল টার্ম বাজেটারি ফ্রেম ওয়ার্ক) |
| ৩ | জামুকা | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল |
| ৪ | জেপ্র | জেলা প্রশাসক |
| ৫ | টিবিডি | টু বি ডেভেলপড |
| ৬ | বামুকট্রা | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| ৭ | বামুস | বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ |
| ৮ | মুজা | মুক্তিযুদ্ধ জাদুঘর |
| ৯ | মুবিম | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| ১০ | সকম | সমাজ কল্যাণ মন্ত্রণালয় |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] মুক্তিযুদ্ধের স্মৃতি/স্মারক চিহ্ন জাদুঘরে প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ | [১.১.১] জাদুঘর দর্শনার্থী | মুক্তিযুদ্ধ জাদুঘর | সফটওয়্যার রেকর্ডের প্রিন্ট কপি |
| | [১.১.২] ভার্চুয়াল গ্যালারি দর্শনার্থী | মুক্তিযুদ্ধ জাদুঘর | অনলাইন রেকর্ড |
| | [১.১.৩] নির্মিত ডকুমেন্টারি ফিল্ম | মুক্তিযুদ্ধ জাদুঘর | ফিল্মের অনলাইন লিংক |
| | [১.১.৪] আয়োজিত ডকফেস্ট | মুক্তিযুদ্ধ জাদুঘর | রেজিস্টার বহি |
| [১.১] মুক্তিযুদ্ধের স্মৃতি/স্মারক চিহ্ন জাদুঘরে প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ | [১.১.৫] আয়োজিত কুইজ প্রতিযোগিতা | মুক্তিযুদ্ধ জাদুঘর | কুইজের প্রশ্নপত্র |
| [১.২] মুক্তিযুদ্ধের স্মৃতিচিহ্ন প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ | [১.২.১] জল্লাদখানা বধ্যভূমি স্মৃতিপীঠ পরিদর্শিত ব্যক্তি | মুক্তিযুদ্ধ জাদুঘর | রেজিস্টার বহি |
| [২.১] নতুন প্রজন্মের শিক্ষার্থী ও অন্যান্য দর্শকের কাছে মুক্তিযুদ্ধের ইতিহাস তুলে ধরার জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রদর্শনী। | [২.১.১] প্রামাণ্যচিত্র প্রদর্শনী শিক্ষার্থী | মুক্তিযুদ্ধ জাদুঘর | শিক্ষাপ্রতিষ্ঠানের পূরণকৃত ফরম |
| | [২.১.২] ভ্রাম্যমাণ জাদুঘর প্রদর্শনী শিক্ষার্থী | মুক্তিযুদ্ধ জাদুঘর | শিক্ষা প্রতিষ্ঠানের পূরণকৃত ফরম |
| [২.১] নতুন প্রজন্মের শিক্ষার্থী ও অন্যান্য দর্শকের কাছে মুক্তিযুদ্ধের ইতিহাস তুলে ধরার জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রদর্শনী। | [২.১.৩] জাদুঘর দর্শনার্থী নতুন প্রজন্মের শিক্ষার্থী (আউটরিচ) | মুক্তিযুদ্ধ জাদুঘর | শিক্ষা প্রতিষ্ঠানের পূরণকৃত ফরম |
| | [২.১.৪] মুক্তির উৎসব | মুক্তিযুদ্ধ জাদুঘর | অফিস আদেশ |
| [২.২] জেলা ও বিভাগীয় নেটওয়ার্ক শিক্ষক সম্মিলন আয়োজন | [২.২.১] শিক্ষক সম্মিলন আয়োজিত | মুক্তিযুদ্ধ জাদুঘর | রেজিস্ট্রেশন, পেমেন্টশিট |
| [২.৩] মুক্তিযুদ্ধ জাদুঘর বার্তা প্রকাশ | [২.৩.১] জাদুঘর বার্তা প্রকাশিত | মুক্তিযুদ্ধ জাদুঘর | প্রকাশিত কপি |
| [৩.১] জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার/ ওয়ার্কসপ/ প্রদর্শনীর আয়োজন | [৩.১.১] সেমিনার/ ওয়ার্কসপ/ আয়োজিত | মুক্তিযুদ্ধ জাদুঘর | রেজিস্ট্রেশন, স্থিরচিত্র, অফিস আদেশ |
| [৩.২] জাতীয় ও আন্তর্জাতিক অনলাইনভিত্তিক সেমিনার/ ওয়ার্কসপ/ প্রদর্শনীর আয়োজন | [৩.২.১] সেমিনার/ ওয়ার্কসপ/ আয়োজিত | মুক্তিযুদ্ধ জাদুঘর | অফিস আদেশ, রেজিস্ট্রেশন, অফিস আদেশ |
| [৩.৩] মোবাইলে সহজে মুক্তিযুদ্ধের চলচ্চিত্র নির্মাণ কর্মশালা | [৩.৩.১] কর্মশালা আয়োজিত | মুক্তিযুদ্ধ জাদুঘর | রেজিস্ট্রেশন, হাজিরা খাতা, পেমেন্টশিট |
| [৩.৪] তরুন চলচ্চিত্রপ্রতিভা অন্বেষণ কর্মশালা | [৩.৪.১] আয়োজিত কর্মশালা | মুক্তিযুদ্ধ জাদুঘর | রেজিস্ট্রেশন, অফিস আদেশ |
| [৪.১] কর্মকর্তাদের প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন | [৪.১.১] প্রশিক্ষণ/কর্মশালা আয়োজিত | মুক্তিযুদ্ধ জাদুঘর | অফিস আদেশ, রেজিস্ট্রেশন, পেমেন্টশিট |
| [৪.২] কর্মচারীদের প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন | [৪.২.১] প্রশিক্ষণ/কর্মশালা আয়োজিত | মুক্তিযুদ্ধ জাদুঘর | রেজিস্ট্রেশন, অফিস আদেশ, পেমেন্টশিট |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| নতুন প্রজন্মের শিক্ষার্থী ও অন্যান্য দর্শকের কাছে মুক্তিযুদ্ধের ইতিহাস তুলে ধরার জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রদর্শনী। | ভ্রাম্যমাণ জাদুঘর প্রদর্শনী শিক্ষার্থী | মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর | শিক্ষাপ্রতিষ্ঠান থেকে কর্মসূচি বাস্তবায়নে প্রদর্শনী চলাকালীন প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ভ্রাম্যমাণ মুক্তিযুদ্ধ জাদুঘরের নিরাপত্তা বিধান |
| মুক্তিযুদ্ধের স্মৃতি/স্মারক চিহ্ন জাদুঘরে প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ | নির্মিত ডকুমেন্টারি ফিল্ম | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপনের জন্য প্রয়োজনীয় সহযোগিতা |
| কর্মকর্তাদের প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন | প্রশিক্ষণ/কর্মশালা আয়োজিত | মুক্তিযুদ্ধ যাদুঘর | প্রশিক্ষক নির্বাচন, প্রয়োজনীয় সহযোগিতা |
| নতুন প্রজন্মের শিক্ষার্থী ও অন্যান্য দর্শকের কাছে মুক্তিযুদ্ধের ইতিহাস তুলে ধরার জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রদর্শনী। | প্রামাণ্যচিত্র প্রদর্শনী শিক্ষার্থী | মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর | বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপনের জন্য প্রয়োজনীয় সহযোগিতা |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ